দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 12 DEC 1988 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

C14

17

## রাজশাহী ভার্সিটি

## মাস্টার্স ডিগ্রী পরীক্ষার ফল

আমরা ১৯৮৮ সালের এপ্রিল মাসে অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষায় অংশ নিয়েছিলাম। কিন্তু ছয় মাস গত হয়ে গেলো অথচ এখনও পর্যন্ত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো না। কেন এই বিলম্ব তার কারণ আমাদের বোধগম্য নয়। ফল প্রকাশে এই বিলম্ব কেবল এবারই নয়, বিগত বছরগুলোতেও এমনটি ঘটেছে। দেখা গেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশে প্রায়ই ৭/৮ মাস সময় নিয়ে থাকেন। আর এজন্য ক্ষতি ও অসুবিধার সম্মুখীন হতে হয় ছাত্র-ছাত্রীদের। পরীক্ষার ফল প্রকাশে এই অহেতুক বিলম্বের জন্য এবারও ছাত্রছাত্রীদের ভাগ্যে তাই ঘটতে যাচেছ। কেননা ইতিমধ্যে আগামী পরীক্ষার জন্য ফরম পূরনের কাজ সম্পন্ন হয়ে গেছে। কিন্তু এখন পর্যন্ত গত পরীক্ষার ফল প্রকাশ না করায় অকৃতকার্য পরীক্ষার্থীরা আগামী পরিক্ষার জন্য প্রস্তুতি নেবার সময় পাবে না। অতএব রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন, অতি সত্বর ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশ করে ছাত্র-ছাত্রীদের অনিশ্চয়তা ও উৎকন্ঠার অবসান করুন।

মনিরা আফরোজ,
সাগরপাড়া,
ঘোড়ামারা,
রাজশাহী-৬১০০।